ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

<u>স-৩৫৪১</u>
খোয়াই, ১ নভেম্বর, ২০২৫

**৯ এবং ১০ নভেম্বর খোয়াই মহকুমার গৌরনগর পঞ্চায়েতের নাটমন্দিরে ২ দিনব্যাপী রাস উৎসব**

আগামী ৯ এবং ১০ নভেম্বর খোয়াই মহকুমার গৌরনগর পঞ্চায়েতের নাটমন্দিরে ২ দিনব্যাপী রাস উৎসব অনুষ্ঠিত হবে। এই উৎসবকে সফল করে তোলার লক্ষ্যে আজ গৌরনগর পঞ্চায়েতের নাটমন্দিরে খোয়াই জিলা পরিষদের সভাধিপতি অপর্ণা সিংহরায় (দত্ত)র সভাপতিত্বে একটি প্রস্তুতি বৈঠক অনুষ্ঠিত হয়। এই বৈঠকে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন খোয়াই জিলা পরিষদের প্রাক্তন সভাধিপতি জয়দেব দেববর্মা, গৌরনগর পঞ্চায়েতের প্রধান ধ্রুপদী বিশ্বাস (সরকার), বিশিষ্ট সমাজসেবী বিনয় দেববর্মা সহ বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ। বৈঠকে সংস্কৃতির মেলবন্ধনের সেতুকে আরও মজবুত করতে খোয়াই জিলা পরিষদের সভাধিপতি অপর্ণা সিংহরায় (দত্ত) সবার প্রতি আহ্বান জানান। বৈঠকে জিলা পরিষদের সভাধিপতিকে চেয়ারম্যান এবং তথ্য ও সংস্কৃতি দপ্তরের যুগ্ম অধিকর্তাকে কনভেনার করে একটি কার্যকরি কমিটি ও চারটি সাব কমিটি গঠন করা হয়েছে।

******